অধ্যায় ০১

সংখ্যা

আলোচ্য বিষয়

▸ সংখ্যা গণনা করা ▸ পড়া ও লেখা ▸ স্থানীয় মান ▸ সংখ্যার তুলনা ▸ ক্রমবাচক সংখ্যা ▸ সংখ্যা প্যাটার্ন।

অধ্যায়ের প্রয়োজনীয় বিষয়

- একক, দশক, শতক, হাজার, অযুত, লক্ষ -এর প্রয়োজনীয় দল নিয়ে সংখ্যা গণনা, পড়া ও লেখা যায়। যেমন : ২টি হাজার, ৫টি শতক, ৩টি দশক ও ৭টি এককের দল নিয়ে গঠিত সংখ্যা হলো ২৫৩৭।
- যেকোনো সংখ্যা হতে প্রয়োজনমতো একক, দশক, শতক, হাজার, অযুত, লক্ষ ব্যবহার করে সংখ্যাটির অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় করা যায়।
- এক অযুত অর্থ হলো ১০ হাজার।
- এক লক্ষ অর্থ হলো ১০ অযুত এবং একে লেখা হয় ১০০০০০।
- একাধিক সংখ্যা ছোট-বড় নির্ণয় করার জন্য প্রয়োজনমতো একে একে সংখ্যাগুলোর বড় স্থানীয় মান থেকে ছোটো স্থানীয় মান তুলনা করতে হয়।
- সংখ্যা ছোট-বড় তুলনা করতে < ও > চিহ্ন ব্যবহার করা হয়। যেমন : ১৯৮০ এবং ২০২৪ এর তুলনা বুঝাতে লিখা যায় : ১৯৮০ < ২০২৪ অথবা ২০২৪ > ১৯৮০।
- কোনো কিছুর অবস্থান বুঝাতে ক্রমবাচক সংখ্যা ব্যবহার করা হয়। যেমন : প্রথম, দ্বিতীয়, তৃতীয়, চতুর্থ,..... ইত্যাদি।
- নির্দিষ্ট নিয়মে কোনো কিছু (যেমন : সংখ্যা, নকশা বা যেকোনো গাণিতিক বিষয়) সাজানো হচ্ছে প্যাটার্ন। প্রতিটি প্যাটার্নের একটি নির্দিষ্ট নিয়ম থাকে।

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

শিখন অভিজ্ঞতার মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- স্থানীয় মানের ধারণা ব্যবহার করে সংখ্যা পড়তে, অঙ্কে ও কথায় লিখতে পারা ও সংখ্যার তুলনা করতে পারা এবং দৈনন্দিন জীবনে ব্যবহৃত বিভিন্ন সংখ্যা নিয়ে উৎসাহের সঙ্গে আলোচনা ও ব্যবহার করতে পারা।
- ক্রমবাচক সংখ্যা পড়তে, লিখতে ও ব্যবহার করতে পারা।
- পরিবেশের বিভিন্ন উপাদান ও সংখ্যার মধ্যে উৎসাহের সাথে প্যাটার্ন খুঁজে বের করা এবং সংখ্যার প্যাটার্ন তৈরি করে যৌক্তিক ব্যাখ্যা প্রদানের মাধ্যমে যৌক্তিক চিন্তা করতে পারা।

অধ্যায়ের শিখনফল

- এক লক্ষ পর্যন্ত অর্ধ-বাস্তব বস্তু দশ, শত ও হাজারের গুচ্ছাকারে বিভিন্ন প্যাটার্নে সাজিয়ে গণনা করতে পারব।
- এক লক্ষ পর্যন্ত যেকোনো সংখ্যা পড়তে, অঙ্কে লিখতে ও কথায় লিখতে পারব।
- এক লক্ষ পর্যন্ত যেকোনো দুটি সংখ্যা তুলনা করে ছোট-বড় প্রকাশ করতে পারব।
- সংখ্যা প্রতীক (<, >) ব্যবহার করে দুটি সংখ্যার তুলনা করতে পারব।
- এক লক্ষ পর্যন্ত যেকোনো সংখ্যায় ব্যবহৃত বিভিন্ন অঙ্কের স্থানীয় মান নির্ণয় করতে পারব।
- সংখ্যার বিভিন্ন প্যাটার্ন শনাক্ত, তৈরি ও যৌক্তিকতা ব্যাখ্যা করতে পারব।

প্রয়োজনীয় উপকরণ সামগ্রী

পাঠ্যপুস্তক, পাঠ সংশ্লিষ্ট ব্লকের ছবি, সংখ্যা কার্ড, চার্ট, কর্মপত্র, পোস্টার পেপার, ওজন ও দৈর্ঘ্য পরিমাপক, পাঠ্যপুস্তকের সংশ্লিষ্ট পৃষ্ঠার ছবি ইত্যাদি।

ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি (একক ও দলীয় কাজ) বুঝে পড়ি ও ভালোভাবে শিখে নিই

গণনা করা, পড়া ও লেখা

পাঠ ২ | গণনা করি, পড়ি ও লিখি ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ কতগুলো বুক আছে? ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২ এর অনুশীলনের সমাধান

			
দুইটি ১০০০	তিনটি ১০০	পাঁচটি ১০	চারটি ১

সমাধান :

হাজার	শতক	দশক	একক
১০০০	১০০	১০	১
১০০০	১০০	১০	১
১০০০	১০০	১০	১
		১০	১
২	৩	৫	৪

সংখ্যাটি হলো দুই হাজার তিন শত চুয়ান্ন এবং আমরা লিখি ২৩৫৪।

১ নিচের কোন বক্সে ৯২৫টি বুক রয়েছে? ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২ এর অনুশীলনের সমাধান



১ম বক্স



সমাধান :

শতক	দশক	একক
৯	২	৫

সংখ্যাটি হলো নয় শত পঁচিশ এবং আমরা লিখি ৯২৫।

২য় বক্স

		
শতক	দশক	একক
৯	৩	৫

সংখ্যাটি হলো নয় শত পয়ত্রিশ এবং আমরা লিখি ৯৩৫

∴ ১ম বক্সে ৯২৫টি ব্লক আছে।

২ গণনা করি ও সংখ্যায় লিখি : ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২ এর অনুশীলনের সমাধান

হাজার	শতক	দশক	একক
১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১

সংখ্যাটি হলো .....

সমাধান : গণনা করি ও সংখ্যা লিখি :

হাজার	শতক	দশক	একক
১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১ ১ ১ ১
৮	৪	৪	৮

সংখ্যাটি হলো আট হাজার চার শত আটচল্লিশ এবং আমরা লিখি ৮৪৪৮।

৩ পড়ি ও কথায় লিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২ এর অনুশীলনের সমাধান

(১) ১২৩৮ (২) ২৮১৫

(৩) ৩১১১ (৪) ৪৩৩৫

(৫) ৫১৫৩

সমাধান : (১) ১২৩৮ – এক হাজার দুই শত আটত্রিশ।

(২) ২৮১৫ – দুই হাজার আট শত পনেরো।

(৩) ৩১১১ – তিন হাজার এক শত এগারো।

(৪) ৪৩৩৫ – চার হাজার তিন শত পঁয়ত্রিশ।

(৫) ৫১৫৩ – পাঁচ হাজার এক শত তিপান্ন।

৪ অঙ্কে লিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২ এর অনুশীলনের সমাধান

(১) এক হাজার এক শত পঁয়ত্রিশ (২) তিন হাজার ন য়শত উনআশি

(৩) সাত হাজার আট শত উনসত্তর (৪) নয় হাজার এক শত এক

সমাধান : (১) এক হাজার এক শত পঁয়ত্রিশ – ১১৩৫।

(২) তিন হাজার নয় শত উনআশি – ৩৯৭৯।

(৩) সাত হাজার আট শত উনষত্তর – ৭৮৬৯।

(৪) নয় হাজার এক শত এক – ৯১০১।

সেশন ৩ | ১০, ১০০, ১০০০ করে গণনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ কতগুলো হাজার আছে? সংখ্যাটি কত?

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪ এর অনুশীলনের সমাধান



সংখ্যাটি হলো ☐ হাজার বা ☐ অযুত

সমাধান : এখানে, দশটি ১০০০ আছে।
সংখ্যাটি হলো দশ হাজার বা এক অযুত এবং অঙ্কে লিখি ১০০০০।

১ দাগ টেনে মিল করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৪ এর কাজের সমাধান

(১) পাঁচ হাজার তিন শত পাঁচ

(২) বাইশ হাজার সাত শত উনিশ

(৩) তেষট্টি হাজার সাত শত দুই

(৪) নিরানব্বই হাজার তিন শত পাঁচ

(৫) একান্ন হাজার তিন শত পাঁচ

(৬) পাঁচ হাজার পাঁচ শত তিন

সমাধান :



সেশন ৪ গণনা করে অঙ্কে ও কথায় লিখি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

২ গণনা করে অঙ্কে ও কথায় লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫ এর অনুশীলনের সমাধান



কার্ডগুলো সাজিয়ে রাখি

অঙ্কে লিখি

কথায় লিখি



কার্ডগুলো সাজিয়ে রাখি

অঙ্কে লিখি

কথায় লিখি

সমাধান : কার্ডগুলো সাজাই

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০	১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১
১	৩	৪	৫	৫

অঙ্কে লিখি : ১৩৪৫৫

কথায় লিখি : তেরো হাজার চার শত পঞ্চান্ন

	হাজার	শতক	দশক	একক
	১০০০ ১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১
	৪	৪	৪	৪

অঙ্কে লিখি : ৪৪৪৪

কথায় লিখি : চার হাজার চার শত চুয়াল্লিশ

৩ গণনা করি ও সংখ্যায় লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৫ এর অনুশীলনের সমাধান

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০	১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০	১ ১ ১ ১ ১

সংখ্যাটি হলো .....

সমাধান :

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০	১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০	১ ১ ১ ১ ১
১	৩	৪	২	৫

সংখ্যাটি হলো তেরো হাজার চার শত পঁচিশ এবং আমরা লিখি ১৩৪২৫।

৪ গণনা করি ও সংখ্যায় লিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৬ এর অনুশীলনের সমাধান

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০ ১০০০০ ১০০০০	১০০০ ১০০০ ১০০০ ১০০০		১০ ১০ ১০	১ ১ ১ ১

সংখ্যাটি হলো : ..... । এখানে শতক স্থানীয় অঙ্কটি কী?

সমাধান :

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০ ১০০০০ ১০০০০	১০০০ ১০০০ ১০০০ ১০০০		১০ ১০ ১০	১ ১ ১ ১
৩	৪	০	৩	৪

সংখ্যাটি হলো : ৩৪০৩৪। এখানে শতক স্থানীয় অঙ্কটি ০।

৫ সংখ্যাটি কত? ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৬ এর অনুশীলনের সমাধান

সমাধান :



৬ অঙ্কে লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৬ এর অনুশীলনের সমাধান

(১) নয় হাজার নয় শত নব্বই
(২) নয় হাজার নিরানব্বই
(৩) দশ হাজার
(৪) দশ হাজার দশ
(৫) তেরো হাজার পাঁচ শত বত্রিশ
(৬) ছাব্বিশ হাজার আট শত সাইত্রিশ

সমাধান : (১) নয় হাজার নয় শত নব্বই – ৯৯৯০।
(২) নয় হাজার নিরানব্বই – ৯০৯৯।
(৩) দশ হাজার – ১০০০০।
(৪) দশ হাজার দশ – ১০০১০।
(৫) তেরো হাজার পাঁচ শত বত্রিশ – ১৩৫৩২।
(৬) ছাব্বিশ হাজার আটশত সাইত্রিশ – ২৬৮৩৭।

৭ পড়ি ও কথায় লিখি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৬ এর অনুশীলনের সমাধান

(১) ১১২৩৮
(২) ১৭৮০৫
(৩) ১৯১১১
(৪) ১৩৩৫৯
(৫) ১৫১৫৩
(৬) ২৭৫৩৭

সমাধান : (১) ১১২৩৮ – এগারো হাজার দুই শত আটত্রিশ।
(২) ১৭৮০৫ – সতেরো হাজার আট শত পাঁচ।
(৩) ১৯১১১ – উনিশ হাজার এক শত এগারো।
(৪) ১৩৩৫৯ – তেরো হাজার তিন শত উনষাট।
(৫) ১৫১৫৩ – পনেরো হাজার এক শত তেপান্ন।
(৬) ২৭৫৩৭ – সাতাশ হাজার পাঁচ শত সাইত্রিশ।

সেশন ৫ স্থানীয়মান ব্যবহার করে গণনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

নিচের ছবিতে দেওয়া টিকেটগুলো ফুটবল খেলার জন্য বিক্রি করা হবে। কতগুলো টিকেট আছে?

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৭ এর মূল প্রশ্নের সমাধান



সমাধান :

অযুত	হাজার	শতক	দশক	একক
	১০০০ ১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০		১ ১ ১
৮	৩	৭	০	৩

আমরা সংখ্যাটি পড়ি তিরাশি হাজার সাত শত তিন এবং লিখি ৮৩৭০৩।
সুতরাং ৮৩৭০৩টি টিকিট আছে।

১ সংখ্যাগুলো উচ্চস্বরে পড়ি, কথায় লিখি এবং উপরের মতো করে স্থানীয় মান নির্ণয় করি।

(ক) ২৩৫১৭ (খ) ৫১৩৪৭ (গ) ৯৩০০৭

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৮ এর অনুশীলনের সমাধান

সমাধান : (ক) ২৩৫১৭ – তেইশ হাজার পাঁচ শত সতেরো।



(খ) ৫১৩৪৭ – একান্ন হাজার তিন শত সাতচল্লিশ



(গ) ৯৩০০৭ – তিরানব্বই হাজার সাত



২ খালিঘর পূরণ করি

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৮ এর অনুশীলনের সমাধান

১৩৪৫৭ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক
৭৮০৪ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক
৬৮০০৫ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক
৯৭৮৪২ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক

সমাধান : খালি ঘর পূরণ করি :

১৩৪৫৭ =	১ অযুত	৩ হাজার	৪ শতক	৫ দশক	৭ একক
৭৮০৪ =	০ অযুত	৭ হাজার	৮ শতক	০ দশক	৪ একক
৬৮০০৫ =	৬ অযুত	৮ হাজার	০ শতক	০ দশক	৫ একক
৯৭৮৪২ =	৯ অযুত	৭ হাজার	৮ শতক	৪ দশক	২ একক

৩ (ক) ৯৪২৩০ সংখ্যাটিতে ৪ ও ৩ এর স্থানীয় মান কত? সংখ্যাটিতে অযুত স্থানের অঙ্কটি কত?

(খ) ৮৬৯৩৫ সংখ্যাটিতে হাজার স্থানের অঙ্কটি কত?

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৮ এর অনুশীলনের সমাধান

সমাধান : (ক) ৯৪২৩০ সংখ্যাটিতে

৪ এর স্থানীয় মান = ৪ হাজার = ৪০০০

৩ এর স্থানীয় মান = ৩ দশক = ৩০

এবং অযুত স্থানের অঙ্কটি হলো ৯।

(খ) ৮৬৯৩৫ সংখ্যাটিতে হাজার স্থানের অঙ্কটি = ৬

সেশন ৬ স্থানীয়মানের সাহায্যে লক্ষ পর্যন্ত গণনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ বাংলাদেশের একটি পৌরসভার মোট জনসংখ্যার ৮০৬৯৯ জন পুরুষ ও ৭৬৬৪৪ জন নারী। সংখ্যা দুইটি উচ্চস্বরে পড়ি, কথায় লিখি এবং অঙ্কগুলোর স্থানীয়মান নির্ণয় করি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৯ এর অনুশীলনের সমাধান

সমাধান : ৮০৬৯৯ – আশি হাজার ছয় শত নিরানব্বই।

৯ একক	৯	
৯ দশক	৯০	
৬ শতক	৬০০	
০ হাজার	০০০০	৮০ হাজার
৮ অযুত	৮০০০০	

৭৬৬৪৪ – ছিয়াত্তর হাজার ছয় শত চুয়াল্লিশ

৪ একক	৪	
৪ দশক	৪০	
৬ শতক	৬০০	
৬ হাজার	৬০০০	৭৬ হাজার
৭ অযুত	৭০০০০	

২ সংখ্যারেখায় ক ও খ স্থানের সংখ্যা লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-৯ এর অনুশীলনের সমাধান



সমাধান : প্রদত্ত সংখ্যারেখায় ১ম সংখ্যা ৭০০০ এবং ২য় সংখ্যা ৮০০০ এই দুইটি সংখ্যার মধ্যে দশটি দাগ আছে। তাহলে প্রতিটি দাগ সমান ১০০। ৮০০০ এর দশ দাগ পর ক এবং এর দশ দাগ পর খ। সুতরাং ক স্থানের সংখ্যা হবে ৯০০০ এবং খ স্থানের সংখ্যা হবে ১০০০০।



সংখ্যার তুলনা

সেশন ৭ স্থানীয়মানের সাহায্যে সংখ্যা তুলনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

২ নিচের সংখ্যাগুলো তুলনা করি এবং খালিঘরে < বা > চিহ্ন লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১১ এর অনুশীলনের সমাধান

(১) ১০০০ ☐ ৯৯৯

(২) ২১৯৯ ☐ ২২০০

(৩) ৯৪৬৯ ☐ ৯৪৯৬

(৪) ১৩৭৭৭ ☐ ১৩৬৬৬

(৫) ৩৮৯৬ ☐ ৩২৮৯

(৬) ৪৫৭৯৯ ☐ ৪৬৮৯৫

(৭) ৭৯৯৮০ ☐ ৬৯৯৮৮

(৮) ৯৯৯৯৯ ☐ ১০০০০

সমাধান :

(১) ১০০০ চার অঙ্কবিশিষ্ট সংখ্যা এবং ৯৯৯ তিন অঙ্কবিশিষ্ট সংখ্যা

∴ ১০০০ থেকে ৯৯৯ ছোটো

অতএব, ১০০০ [>] ৯৯৯।

(২) ২১৯৯ এবং ২২০০ সংখ্যা দুইটির হাজার স্থানের অঙ্ক একই। শতকের স্থানের অঙ্ক তুলনা করি। ১ থেকে ২ বড়ো।

∴ ২১৯৯ থেকে ২২০০ বড়ো

অতএব, ২১৯৯ [<] ২২০০।

(৩) ৯৪৬৯ এবং ৯৪৯৬ সংখ্যা দুইটির হাজার ও শতক স্থানের অঙ্ক একই। এখন দশক স্থানের অঙ্ক তুলনা করি। ৬ অপেক্ষা ৯ বড়ো।

∴ ৯৪৬৯ থেকে ৯৪৯৬ বড়ো

অতএব, ৯৪৬৯ [<] ৯৪৯৬।

(৪) ১৩৭৭৭ এবং ১৩৬৬৬ সংখ্যা দুইটির অযুত ও হাজার স্থানের অঙ্ক একই। এখন শতক স্থানের অঙ্ক তুলনা করি। ৭ থেকে ৬ ছোটো।

∴ ১৩৭৭৭ থেকে ১৩৬৬৬ ছোটো

অতএব, ১৩৭৭৭ [>] ১৩৬৬৬

(৫) ৩৮৯৬ ও ৩২৮৯ সংখ্যা দুইটির হাজার স্থানের অঙ্ক একই। এখন শতক স্থানের অঙ্ক তুলনা করি।
৮ থেকে ২ ছোটো।
∴ ৩৮৯৬ থেকে ৩২৮৯ ছোটো।
অতএব; ৩৮৯৬ [>] ৩২৮৯।

(৬) ৪৫৭৯৯ এবং ৪৬৮৯৮ সংখ্যা দুইটির অযুত স্থানের অঙ্ক একই।
এখন হাজার স্থানের অঙ্ক তুলনা করি। ৫ থেকে ৬ বড়ো।
তাই ৪৫৭৯৯ থেকে ৪৬৮৯৮ বড়ো
অতএব, ৪৫৭৯৯ [<] ৪৬৮৯৮।

(৭) ৭৯৯৮০ এবং ৬৯৯৮৮ সংখ্যা দুইটির অযুত স্থানের অঙ্ক তুলনা করি।
৭ থেকে ৬ ছোটো।
তাই ৭৯৯৮০ থেকে ৬৯৯৮৮ ছোটো।
অতএব, ৭৯৯৮০ [>] ৬৯৯৮৮।

(৮) ৯৯৯৯৯ পাঁচ অঙ্কবিশিষ্ট সংখ্যা কিন্তু ১০০০০০ ছয় অঙ্কবিশিষ্ট সংখ্যা।
তাই ৯৯৯৯৯ থেকে ১০০০০০ বড়ো
অতএব, ৯৯৯৯৯ [<] ১০০০০০।

সেশন ৮ চিহ্ন ব্যবহার করে সংখ্যা তুলনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

৩ আমরা নিচের সংখ্যাগুলো এবং প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১১ এর অনুশীলনের সমাধান

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
১৯৯৯, ২০০০	১৯৯৯ < ২০০০	২০০০ > ১৯৯৯
২১১১১, ২১১০৯		
৪২৫৮৬, ৪২৫৮৫		
৬৮৯৯০, ৬৮৮৮৮		
৮৭১০৯, ৮৭০৯৯		

সমাধান : সংখ্যাগুলো এবং প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো লিখি।

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
১৯৯৯, ২০০০	১৯৯৯ < ২০০০	২০০০ > ১৯৯৯
২১১১১, ২১১০৯	২১১০৯ < ২১১১১	২১১১১ > ২১১০৯
৪২৫৮৬, ৪২৫৮৫	৪২৫৮৫ < ৪২৫৮৬	৪২৫৮৬ > ৪২৫৮৫
৬৮৯৯০, ৬৮৮৮৮	৬৮৮৮৮ < ৬৮৯৯০	৬৮৯৯০ > ৬৮৮৮৮
৮৭১০৯, ৮৭০৯৯	৮৭০৯৯ < ৮৭১০৯	৮৭১০৯ > ৮৭০৯৯

৪ নিচের সংখ্যাগুলোর তুলনা করি এবং বড়ো থেকে ছোটো ও ছোটো থেকে বড়ো ক্রমে সাজাই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১২ এর অনুশীলনের সমাধান

৪৩৯৯, ৫৪০৯, ৫৪৮০, ৪৩৭৯	বড়ো থেকে ছোটো	
	ছোটো থেকে বড়ো	
২৪৭০৯, ৩৫৬৯৯, ৩৬৭৩৫, ৪৭৮০২	বড়ো থেকে ছোটো	
	ছোটো থেকে বড়ো	
৭৫৬১১, ৭৫৬৮৯, ৭৭৬৯০, ৭৮৬০৯	বড়ো থেকে ছোটো	
	ছোটো থেকে বড়ো	
৯১০০৯, ৯১৮০৯, ৯০৮৮৮, ৯১০৯৯	বড়ো থেকে ছোটো	
	ছোটো থেকে বড়ো	

সমাধান : সংখ্যাগুলোর তুলনা করি এবং বড়ো থেকে ছোটো ও ছোটো থেকে বড়ো ক্রমে সাজাই।

৪৩৯৯, ৫৪০৯, ৫৪৮০, ৪৩৭৯	বড়ো থেকে ছোটো	৫৪৮০ > ৫৪০৯ > ৪৩৯৯ > ৪৩৭৯
	ছোটো থেকে বড়ো	৪৩৭৯ < ৪৩৯৯ < ৫৪০৯ < ৫৪৮০
২৪৭০৯, ৩৫৬৯৯, ৩৬৭৩৫, ৪৭৮০২	বড়ো থেকে ছোটো	৪৭৮০২ > ৩৬৭৩৫ > ৩৫৬৯৯ > ২৪৭০৯
	ছোটো থেকে বড়ো	২৪৭০৯ < ৩৫৬৯৯ < ৩৬৭৩৫ < ৪৭৮০২
৭৫৬১১, ৭৫৬৮৯, ৭৭৬৯০, ৭৮৬০৯	বড়ো থেকে ছোটো	৭৮৬০৯ > ৭৭৬৯০ > ৭৫৬৮৯ > ৭৫৬১১
	ছোটো থেকে বড়ো	৭৫৬১১ < ৭৫৬৮৯ < ৭৭৬৯০ < ৭৮৬০৯
৯১০০৯, ৯১৮০৯, ৯০৮৮৮, ৯১০৯৯	বড়ো থেকে ছোটো	৯১৮০৯ > ৯১০৯৯ > ৯১০০৯ > ৯০৮৮৮
	ছোটো থেকে বড়ো	৯০৮৮৮ < ৯১০০৯ < ৯১০৯৯ < ৯১৮০৯

সেশন ৯ দৈনন্দিন জীবনের সংখ্যা পড়ি ও প্রতীক ব্যবহার করে ছোট বড় সাজাই

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

বাংলাদেশের গার্মেন্টিস শ্রমিকদের বেতন কাঠামো ৫টি গ্রেডে নির্ধারণ করা হয়েছে। এতে প্রথম গ্রেডে ১৮২৫৭ টাকা, দ্বিতীয় গ্রেডে ১৫৪১৬ টাকা, তৃতীয় গ্রেডে ৯৮৪৫ টাকা, চতুর্থ গ্রেডে ৯৩৪৭ টাকা ও পঞ্চম গ্রেডে ৮৮৭৫ টাকা নির্ধারণ করা হয়েছে।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১০ এর মূল প্রশ্নের সমাধান

কোন গ্রেডে বেতন কত তা সহজে কীভাবে পড়তে পারি?

আমরা স্থানীয় মানের ধারণা ব্যবহার করে সহজেই পড়তে পারি।

১ সংখ্যাগুলো পড়ি ও স্থানীয় মান নির্ণয় করি।

সমাধান : প্রথম গ্রেড :

১ ৮ ২ ৫ ৭

৭ একক – ৭
৫ দশক – ৫০
২ শতক – ২০০
৮ হাজার – ৮০০০
১ অযুত – ১০০০০] ১৮ হাজার

∴ আমরা পড়তে পারি, আঠারো হাজার দুই শত সাতান্ন।

দ্বিতীয় গ্রেড :

১ ৫ ৪ ১ ৬

৬ একক – ৬
১ দশক – ১০
৪ শতক – ৪০০
৫ হাজার – ৫০০০
১ অযুত – ১০০০০

∴ আমরা পড়তে পারি, পনেরো হাজার চার শত ষোল।

তৃতীয় গ্রেড :

৯ ৮ ৪ ৫

৫ একক – ৫
৪ দশক – ৪০
৮ শতক – ৮০০
৯ হাজার – ৯০০০

∴ আমরা পড়তে পারি, নয় হাজার আট শত পঁয়তাল্লিশ।

চতুর্থ গ্রেড :

৯ ৩ ৪ ৭

৭ একক – ৭
৪ দশক – ৪০
৩ শতক – ৩০০
৯ হাজার – ৯০০০

∴ আমরা পড়তে পারি, নয় হাজার তিন শত সাতচল্লিশ।

পঞ্চম গ্রেড :

৮ ৮ ৭ ৫

৫ একক – ৫
৭ দশক – ৭০
৮ শতক – ৮০০
৮ হাজার – ৮০০০

∴ আমরা পড়তে পারি, আট হাজার আট শত পঁচাত্তর।

১ সংখ্যাগুলোকে প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো ক্রমে সাজাই।

সংখ্যা		
১৮২৫৭, ১৫৪১৬, ৯৮৪৫, ৮৮৭৫, ৯৩৪৭	ছোটো থেকে বড়ো	
	বড়ো থেকে ছোটো	

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৩ এর অনুশীলনের সমাধান

সমাধান : সংখ্যাগুলোকে প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো ক্রমে সাজাই।

সংখ্যা		
১৮২৫৭, ১৫৪১৬, ৯৮৪৫, ৮৮৭৫, ৯৩৪৭	ছোটো থেকে বড়ো	৮৮৭৫ < ৯৩৪৭ < ৯৮৪৫ < ১৫৪১৬ < ১৮২৫৭
	বড়ো থেকে ছোটো	১৮২৫৭ > ১৫৪১৬ > ৯৮৪৫ > ৯৩৪৭ > ৮৮৭৫

২ সুমনা আপা গত মাসে তার ভাইয়ের বিয়ে উপলক্ষে ১ ভরি ওজনের একটি গহনা ক্রয় করেন। গহনা কিনতে তার ৯৭৭৭৯ টাকা লাগে। গহনার মূল্যকে কথায় লিখি এবং এতে ব্যবহৃত অঙ্কগুলোর স্থানীয় মান নির্ণয় করি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৩ এর অনুশীলনের সমাধান

সমাধান : ৯৭৭৭৯ – সাতানব্বই হাজার সাত শত উনআশি।

৯ ৭ ৭ ৭ ৯

৯ একক – ৯
৭ দশক – ৭০
৭ শতক – ৭০০
৭ হাজার – ৭০০০
৯ অযুত – ৯০০০০

৩ দুইটি আম বাগানের একটি থেকে ৮৯৩২৫ টাকার এবং অপরটি থেকে ৮৯৭৭৫ টাকার আম বিক্রয় করা হলো। সংখ্যা দুইটি পড়ি ও প্রতীক ব্যবহার করে ছোটো বড়ো লিখি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৩ এর অনুশীলনের সমাধান

সমাধান :

৮৯৩২৫ – উননব্বই হাজার তিন শত পঁচিশ

৮৯৭৭৫ – উননব্বই হাজার সাত শত পঁচাত্তর

প্রতীক ব্যবহার করে এ সংখ্যা দুইটির মধ্যে ছোটো বড়ো লিখি

৮৯৩২৫ < ৮৯৭৭৫ অথবা ৮৯৭৭৫ > ৮৯৩২৫

ক্রমবাচক সংখ্যা

সেশন ১০ ক্রমবাচক সংখ্যা শিখি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

তোমরা শ্রেণির ২০ জন শিক্ষার্থী উচ্চতা অনুযায়ী ছোটো থেকে বড়ো ক্রমে লাইনে দাঁড়াও। লাইনের প্রত্যেক শিক্ষার্থী তার অবস্থান ক্রমবাচক সংখ্যায় বলো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৪ এর সমাধান

তোমার অবস্থান কত?

কতজন শিক্ষার্থী তোমার চাইতে লম্বা বা খাটো?

ছোটো থেকে বড়ো ক্রমে দাঁড়ানো শিক্ষার্থীদের অবস্থান অনুযায়ী নাম লিখি।

অবস্থান		নাম
প্রথম	১ম	
দ্বিতীয়	২য়	
তৃতীয়	৩য়	
চতুর্থ	৪র্থ	
পঞ্চম	৫ম	
ষষ্ঠ	৬ষ্ঠ	
সপ্তম	৭ম	
অষ্টম	৮ম	
নবম	৯ম	
দশম	১০ম	
একাদশ	১১শ	
দ্বাদশ	১২শ	
ত্রয়োদশ	১৩শ	
চতুর্দশ	১৪শ	
পঞ্চদশ	১৫শ	
ষোড়শ	১৬শ	
সপ্তদশ	১৭শ	
অষ্টাদশ	১৮শ	
ঊনবিংশ	১৯শ	
বিংশ	২০শ	

সমাধান : ছোটো থেকে বড়ো ক্রমে দাঁড়ানো শিক্ষার্থীদের অবস্থান অনুযায়ী নাম নিম্নরূপ :

অবস্থান		নাম
প্রথম	১ম	সুমন
দ্বিতীয়	২য়	সালাম
তৃতীয়	৩য়	সামিন
চতুর্থ	৪র্থ	জুঁই
পঞ্চম	৫ম	বেলি
ষষ্ঠ	৬ষ্ঠ	শাপলা
সপ্তম	৭ম	জবা
অষ্টম	৮ম	হাসনাহেনা
নবম	৯ম	সুজন
দশম	১০ম	শাহিন
একাদশ	১১শ	রেজা
দ্বাদশ	১২শ	রহিম
ত্রয়োদশ	১৩শ	করিম
চতুর্দশ	১৪শ	রাজু
পঞ্চদশ	১৫শ	রফিক
ষোড়শ	১৬শ	পলাশ
সপ্তদশ	১৭শ	শিমুল
অষ্টাদশ	১৮শ	কেয়া
ঊনবিংশ	১৯শ	পায়েল
বিংশ	২০শ	গণেশ

সুতরাং আমার অবস্থান ১০ম। তাহলে ১০ জন শিক্ষার্থী আমার চাইতে লম্বা এবং ৯ জন শিক্ষার্থী আমার চেয়ে খাটো।

সেশন ১১ ক্রমবাচক অবস্থান প্রকাশ করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ তোমাদের শ্রেণিতে গণিতে প্রাপ্ত নম্বরের ক্রম অনুযায়ী ক্রমবাচক অবস্থান লিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৫ এর কাজের সমাধান

নাম	বড়ো থেকে ছোটো ক্রম অনুযায়ী গণিতে প্রাপ্ত নম্বর	ক্রমবাচক অবস্থান	নাম	বড়ো থেকে ছোটো ক্রম অনুযায়ী গণিতে প্রাপ্ত নম্বর	ক্রমবাচক অবস্থান
শ্রেশি	১০০	প্রথম	সানি	৮০	
শিমু	৯৮		জ্যোতি	৭৯	
ইমন	৯৭		সামিয়া	৭৬	ত্রয়োদশ
তপন	৯৫		কবির	৭৫	
হিয়া	৯২		রাজু	৬৯	
দিমন	৯০		তিথি	৬৫	
রেখা	৮৭		আরিফ	৬৩	
ইতি	৮৫		রিফাত	৬০	
নাবিলা	৮৪		মিতু	৫৮	
দিপু	৮২		রিয়া	৫৬	

সমাধান : আমাদের শ্রেণিতে গণিতে প্রাপ্ত নম্বরের ক্রম অনুযায়ী ক্রমবাচক অবস্থান লিখি।

নাম	বড়ো থেকে ছোটো ক্রম অনুযায়ী গণিতে প্রাপ্ত নম্বর	ক্রমবাচক অবস্থান	নাম	বড়ো থেকে ছোটো ক্রম অনুযায়ী গণিতে প্রাপ্ত নম্বর	ক্রমবাচক অবস্থান
শ্রেশি	১০০	প্রথম	সানি	৮০	একাদশ
শিমু	৯৮	দ্বিতীয়	জ্যোতি	৭৯	দ্বাদশ
ইমন	৯৭	তৃতীয়	সামিয়া	৭৬	ত্রয়োদশ
তপন	৯৫	চতুর্থ	কবির	৭৫	চতুর্দশ
হিয়া	৯২	পঞ্চম	রাজু	৬৯	পঞ্চদশ
দিমন	৯০	ষষ্ঠ	তিথি	৬৫	ষোড়শ
রেখা	৮৭	সপ্তম	আরিফ	৬৩	সপ্তদশ
ইতি	৮৫	অষ্টম	রিফাত	৬০	অষ্টাদশ
নাবিলা	৮৪	নবম	মিতু	৫৮	ঊনবিংশ
দিপু	৮২	দশম	রিয়া	৫৬	বিংশ

১ বাম দিক থেকে নিচের সারির দ্বাদশ পিঁপড়াটি রং করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৫ এর অনুশীলনের সমাধান

সমাধান : বাম দিক থেকে দ্বাদশ পিঁপড়াটি রং করা হলো :

২ নিচের সিঁড়ির ধাপগুলোতে ক্রমবাচক সংখ্যা বসাই ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-২০ এর অনুশীলনের সমাধান

সমাধান : সিঁড়ির ধাপগুলোতে ক্রমবাচক সংখ্যা বসাই :

সংখ্যা প্যাটার্ন

সেশন ১২ সংখ্যা প্যাটার্ন খুঁজে বের করি ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

নিচের প্যাটার্নগুলো ভালো করে লক্ষ করি। খালি ঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।

▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৬ এর মূল প্রশ্নের সমাধান

(১) ৭, ১০, ১৩, ——, ১৯, ——, ২৫, ২৮, ——

(২) ১৮, ২০, ——, ——, ২৬, ২৮

(৩) ১৯, ——, ১৫, ——, ১১, ৯, ——, ——

(৪) ২, ৪, ——, ——, ——, ১২, ——, ——

(৫) ——, ২৯, ২৮, ——, ২৬, ——, ২৪

(৬) ——, ——, ——, ৩৫, ৪০, ৪৫ ——

১ নম্বর প্যাটার্নের নিয়মটি কীভাবে বের করা যায় তা নিয়ে সহপাঠীর সাথে আলোচনা করি।

সমাধান : ১ নম্বর প্যাটার্নটি হলো :

৭, ১০, ১৩, ——, ১৯, ——, ২৫, ২৮, ——

এখানে, ১০ − ৭ = ৩

১৩ − ১০ = ৩

.....

.....

দেখা যাচ্ছে, প্রতিক্ষেত্রে পার্থক্য ৩। অর্থাৎ প্যাটার্নের পরবর্তী সংখ্যা পূর্ববর্তী সংখ্যা হতে ৩ বেশি। অতএব, প্যাটার্নটির নিয়ম হলো + ৩। সুতরাং প্রতিটি সংখ্যার সাথে ৩ যোগ করলে পরবর্তী সংখ্যাটি পাওয়া যায়।

∴ ১৩ + ৩ = ১৬

১৯ + ৩ = ২২

২৮ + ৩ = ৩১

অতএব, সম্পূর্ণ প্যাটার্নটি হলো :

৭ , ১০, ১৩ ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১

উপরের অন্যান্য প্যাটার্নের নিয়মগুলো খুঁজে বের করি ও খালি ঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।

সমাধান : ২নং প্যাটার্নটি হলো :

১৮, ২০, ——, ——, ২৬, ২৮

এখানে, ২০ − ১৮ = ২

২৮ − ২৬ = ২

দেখা যাচ্ছে, পরবর্তী ও পূর্ববর্তী দুটি সংখ্যার পার্থক্য ২। অর্থাৎ, প্যাটার্নের পরবর্তী সংখ্যা পূর্ববর্তী সংখ্যা হতে ২ বেশি। এখানে প্রতিক্ষেত্রে ২ করে বৃদ্ধি পায়। অতএব, প্যাটার্নটির নিয়ম হলো + ২। অর্থাৎ পূর্ববর্তী সংখ্যার সাথে ২ যোগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।

∴ ২০ + ২ = ২২

২২ + ২ = ২৪

অতএব, সম্পূর্ণ প্যাটার্ন হলো : ১৮, ২০, ২২, ২৪, ২৬, ২৮

৩নং প্যাটার্নটি হলো :

১৯, ——, ১৫, ——, ১১, ৯, ——, ——

এখানে, ১১ − ৯ = ২

দেখা যাচ্ছে, পূর্ববর্তী ও পরবর্তী দুটি সংখ্যার পার্থক্য ২। অর্থাৎ আগের সংখ্যা থেকে পরের সংখ্যা ২ কম। এখানে, প্রতিক্ষেত্রে ২ করে কমে। অতএব, প্যাটার্নটির নিয়ম হলো − ২। তাই আগের সংখ্যা থেকে ২ বিয়োগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।

∴ ১৯ − ২ = ১৭

১৫ − ২ = ১৩

৯ − ২ = ৭

৭ − ২ = ৫

অতএব, সম্পূর্ণ প্যাটার্নটি হলো : ১৯, ১৭, ১৫, ১৩, ১১, ৯, ৭, ৫

৪নং প্যাটার্নটি হলো :

২, ৪, ——, ——, ——, ১২, ——, ——,

এখানে, ৪ − ২ = ২

দেখা যাচ্ছে, পরবর্তী ও পূর্ববর্তী দুইটি সংখ্যার পার্থক্য ২। অর্থাৎ পূর্ববর্তী সংখ্যা থেকে পরবর্তী সংখ্যা ২ বেশি। এখানে, প্রতিক্ষেত্রে ২ করে বৃদ্ধি পায়। অতএব, প্যাটার্নটির নিয়ম হলো + ২। তাই পূর্ববর্তী সংখ্যার সাথে ২ যোগ করে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।

∴ ৪ + ২ = ৬

৬ + ২ = ৮

৮ + ২ = ১০

১২ + ২ = ১৪

১৪ + ২ = ১৬

অতএব, সম্পূর্ণ প্যাটার্নটি হলো :

২, ৪, ৬, ৮, ১০, ১২, ১৪, ১৬।

৫নং প্যাটার্নটি হলো :

——, ২৯, ২৮, ——, ২৬, ——, ২৪

এখানে, ২৯ − ২৮ = ১

দেখা যাচ্ছে, পূর্ববর্তী ও পরবর্তী দুটি সংখ্যার পার্থক্য ১। অর্থাৎ পূর্ববর্তী সংখ্যা থেকে পরবর্তী সংখ্যা ১ কম। এখানে, প্রতিক্ষেত্রে ১ করে কমে। তাই পূর্ববর্তী সংখ্যা থেকে ১ বিয়োগ করে পরবর্তী সংখ্যা পাওয়া যায়। অথবা, পরবর্তী সংখ্যার সাথে ১ যোগ করে পূর্ববর্তী সংখ্যা পাওয়া যায়।

∴ ১ম সংখ্যা = ২৯ + ১ = ৩০
৪র্থ সংখ্যা = ২৮ − ১ = ২৭
৬ষ্ঠ সংখ্যা = ২৬ − ১ = ২৫
অতএব, সম্পূর্ণ প্যাটার্নটি হলো :
৩০, ২৯, ২৮, ২৭, ২৬, ২৫, ২৪

৮নং প্যাটার্নটি হলো :
———, ———, ———, ৩৫, ৪০, ৪৫, ———
এখানে, ৪০ − ৩৫ = ৫
৪৫ − ৪০ = ৫
দেখা যাচ্ছে, পরবর্তী ও পূর্ববর্তী দুটি সংখ্যার পার্থক্য ৫। অর্থাৎ পূর্ববর্তী সংখ্যা থেকে পরবর্তী সংখ্যা ৫ বেশি। এখানে, প্রতিক্ষেত্রে ৫ করে বাড়ে। তাই পূর্ববর্তী সংখ্যার সাথে ৫ যোগ করে পরবর্তী সংখ্যা পাওয়া যায়। অথবা, পরবর্তী সংখ্যা থেকে ৫ বিয়োগ করে পূর্ববর্তী সংখ্যা পাওয়া যায়।
∴ ৩য় সংখ্যা = ৩৫ − ৫ = ৩০
২য় সংখ্যা = ৩০ − ৫ = ২৫
১ম সংখ্যা = ২৫ − ৫ = ২০
৭ম সংখ্যা = ৪৫ + ৫ = ৫০
অতএব, সম্পূর্ণ প্যাটার্নটি হলো : ২০, ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫, ৫০

৩ ইচ্ছেমতো প্যাটার্ন তৈরি করে তা নিয়ে সহপাঠীর সাথে আলোচনা করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৬ এর কাজের সমাধান

সমাধান : একটি প্যাটার্ন তৈরি করি : ২, ৫, ৮, ১১, ১৪, ...
এখানে, ৫ − ২ = ৩
৮ − ৫ = ৩
১১ − ৮ = ৩
১৪ − ১১ = ৩
পাশাপাশি দুটি সংখ্যার পার্থক্য ৩। অর্থাৎ প্রতিটি সংখ্যার সাথে ৩ যোগ করে পরবর্তী সংখ্যা বের করে প্যাটার্নটি তৈরি করা হয়েছে।

১ ৫টি ভিন্ন প্যাটার্ন তৈরি করি যেগুলোর প্রতিটির ক্ষেত্রে নিয়ম হবে + ৩। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৬ এর কাজের সমাধান

সমাধান : নিচে ৫টি ভিন্ন প্যাটার্ন তৈরি করা হলো যেগুলোর প্রতিটির ক্ষেত্রে নিয়ম হলো + ৩।
(১) ১, ৪, ৭, ১০, ১৩, ...
(২) ২, ৫, ৮, ১১, ১৪, ...
(৩) ৩, ৬, ৯, ১২, ১৫, ...
(৪) ৪, ৭, ১০, ১৩, ১৬, ...
(৫) ৫, ৮, ১১, ১৪, ১৭, ...

সেশন ১৩ সংখ্যা প্যাটার্নের নিয়ম শিখি ও সংখ্যা প্যাটার্ন তৈরি করি ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

নিচের প্যাটার্নগুলোর নিয়ম খুঁজে বের করি ও খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।
▸ পাঠ্যবই, পৃষ্ঠা ১৭ এর মূল প্রশ্নের সমাধান

(১) ১৪, ১৮, ২২, —, —, — নিয়ম : [+ ৪]
(২) ২৮, ২৬, ২৪, —, —, — নিয়ম : [ ]
(৩) ৬৫, —, ৭৫, ৮০, —, — নিয়ম : [ ]
(৪) ৩৬, ৩০, ২৪, —, —, — নিয়ম : [ ]
(৫) ৭৭, ৬৬, ৫৫, —, —, — নিয়ম : [ ]

১ প্রতিটি প্যাটার্নের নিয়ম কীভাবে বের করা যায় তা নিয়ে সহপাঠীদের সঙ্গে আলোচনা করে নিয়মগুলো খুঁজে বের করি। নিয়মগুলো বক্সে লিখি।

সমাধান : (১) ১৪, ১৮, ২২, ——, ——, ——
এখানে, ১৪ + ৪ = ১৮
১৮ + ৪ = ২২
দেখা যাচ্ছে, পূর্ববর্তী সংখ্যার সাথে ৪ যোগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়। এখানে প্রতিক্ষেত্রে চার করে বৃদ্ধি পেয়েছে। প্যাটার্নটির নিয়ম হলো [+ ৪]

(২) ২৮, ২৬, ২৪, ——, ——, ——
এখানে, ২৮ − ২ = ২৬
২৬ − ২ = ২৪
দেখা যাচ্ছে, পূর্ববর্তী সংখ্যা হতে ২ বিয়োগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়। এখানে প্রতিক্ষেত্রে দুই করে হ্রাস পেয়েছে। প্যাটার্নটির নিয়ম হলো [− ২]

(৩) ৬৫, ——, ৭৫, ৮০, ——, ——,
এখানে, ৭৫ + ৫ = ৮০
দেখা যাচ্ছে, পূর্ববর্তী সংখ্যার সাথে ৫ যোগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়। এখানে প্রতিক্ষেত্রে ৫ করে বৃদ্ধি পেয়েছে। প্যাটার্নটির নিয়ম হলো [+ ৫]

(৪) ৩৬, ৩০, ২৪, ——, ——, ——
এখানে, ৩৬ − ৬ = ৩০; ৩০ − ৬ = ২৪
দেখা যাচ্ছে, পূর্ববর্তী সংখ্যা হতে ৬ বিয়োগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়। এখানে প্রতিক্ষেত্রে ৬ করে হ্রাস পেয়েছে। প্যাটার্নটির নিয়ম হলো [− ৬]

(৫) ৭৭, ৬৬, ৫৫, ——, ——, ——
এখানে, ৭৭ − ১১ = ৬৬; ৬৬ − ১১ = ৫৫
দেখা যাচ্ছে, পূর্ববর্তী সংখ্যা হতে ১১ বিয়োগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়। এখানে প্রতিক্ষেত্রে ১১ করে হ্রাস পেয়েছে। প্যাটার্নটির নিয়ম হলো [− ১১]

২ নিয়ম অনুযায়ী খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করি।

সমাধান : নিচে নিয়ম অনুযায়ী খালিঘর পূরণ করে প্যাটার্নগুলো সম্পন্ন করা হলো :

(১) ১৪, ১৮, ২২, ২৬, ৩০, ৩৪ নিয়ম : + ৪

(২) ২৮, ২৬, ২৪, ২২, ২০, ১৮ নিয়ম : − ২

(৩) ৬৫, ৭০, ৭৫, ৮০, ৮৫, ৯০ নিয়ম : + ৫

(৪) ৩৬, ৩০, ২৪, ১৮, ১২, ৬ নিয়ম : − ৬

(৫) ৭৭, ৬৬, ৫৫, ৪৪, ৩৩, ২২ নিয়ম : − ১১

২ নিচের প্রতিটি নিয়মের জন্য প্যাটার্ন তৈরি করে সহপাঠীর সঙ্গে আলোচনা করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৭ এর কাজের সমাধান

(ক) + ৬ (খ) + ৩ (গ) − ৩ (ঘ) − ৪

সমাধান :

(ক) + ৬ নিয়মের প্যাটার্ন : ২, ৮, ১৪, ২০, ২৬, ...

(খ) + ৩ নিয়মের প্যাটার্ন : ৭, ১০, ১৩, ১৬, ১৯, ...

(গ) − ৩ নিয়মের প্যাটার্ন : ৩০, ২৭, ২৪, ২১, ১৮, ১৫, ১২, ৯, ৬, ৩

(ঘ) − ৪ নিয়মের প্যাটার্ন : ৩৬, ৩২, ২৮, ২৪, ২০, ১৬, ১২, ৮, ৪

৩ নিচের মতো করে প্যাটার্নের কার্ড তৈরি করি ও সহপাঠীর সঙ্গে খেলি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৭ এর কাজের সমাধান

সামনে	পিছনে
১২, ১৮, ২১, ২৪, ২৭, ৩০	আমার নিয়মটি হলো + ৩

সমাধান : প্যাটার্নের কার্ড তৈরি করি এবং নিয়ম লিখি :

সামনে	পিছনে
৫, ৭, ৯, ১১, ১৩, ১৫	আমার নিয়মটি হলো + ২
৬, ১০, ১৪, ১৮, ২২, ২৬	আমার নিয়মটি হলো + ৪
৫০, ৪৭, ৪৪, ৪১, ৩৮, ৩৫	আমার নিয়মটি হলো − ৩
৭৫, ৭০, ৬৫, ৬০, ৫৫, ৫০	আমার নিয়মটি হলো − ৫

পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও সমাধান (২) নিজে করি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা-১৮ এর সমাধান

সেশন ১৪ নিজে করি (১) গণনা করি, অঙ্কে ও কথায় লিখি ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

১ কতগুলো ▭ আছে?

সমাধান : ব্লকগুলো সাজিয়ে লিখি :

			
হাজার	শতক	দশক	একক
২	৪	৫	৫

সংখ্যাটি হলো দুই হাজার চারশত পঞ্চান্ন এবং আমরা লিখি ২৪৫৫।

∴ ২৪৫৫টি ▭ আছে।

২ নিচের প্রশ্নগুলোর উত্তর দিই।



(১) বক্সে কতগুলো ১০০০, ১০০, ১০ ও ১ আছে?

(২) সংখ্যাটি কত?

সমাধান : সংখ্যার কার্ডগুলো সাজিয়ে লিখি :

১০০০০ ১০০০০	১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০ ১০০০	১০০ ১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০ ১০ ১০	১ ১ ১ ১ ১ ১
অযুত	হাজার	শতক	দশক	একক
২	১০	৪	৬	৬

(১) বক্সে ১০০০ আছে ১০টি, ১০০ আছে ৪টি, ১০ আছে ৬টি ও ১ আছে ৬টি।

(২) সংখ্যাটি : ২১০৪৬৬।

৩ অঙ্কে লিখি

(১) ত্রিশ হাজার ছয়শত পাঁচ

(২) সাতান্ন হাজার পাঁচশত তেষট্টি

(৩) সাতাশি হাজার সাত

(৪) আটটি দশ ১০ হাজার ও চারটি ১ হাজার দ্বারা গঠিত সংখ্যা

(৫) আটটি ১০ হাজার নয়টি ১ হাজার ও নয়টি ১ দ্বারা গঠিত সংখ্যা

(৬) নয়টি ১০ হাজার নয়টি ১ হাজার ও নয়টি ১ শত নয়টি দশ নয়টি ১ দ্বারা গঠিত সংখ্যা।

সমাধান :

(১) ত্রিশ হাজার ছয়শত = ৩০৬০৫

(২) সাতান্ন হাজার পাঁচশত তেষট্টি = ৫৭৫৬৩

(৩) সাতাশি হাজার সাত = ৮৭০০৭

(৪) আটটি দশ ১০ হাজার ও চারটি ১ হাজার দ্বারা গঠিত সংখ্যা = ৮৪০০০

(৫) আটটি ১০ হাজার নয়টি ১ হাজার ও নয়টি ১ দ্বারা গঠিত সংখ্যা = ৮৯০০৯

(৬) নয়টি ১০ হাজার নয়টি ১ হাজার ও নয়টি ১ শত নয়টি দশ নয়টি ১ দ্বারা গঠিত সংখ্যা = ৯৯৯৯৯

৪ খালিঘর পূরণ করি

(১) ☐ সংখ্যাটি ৭ হাজার, ১ শতক, ৪ দশক ও ৫ একক।

(২) ☐ সংখ্যাটি ২ হাজার, ২ দশক ও ৭ একক।

(৩) ☐ সংখ্যাটি ৫ হাজার ৬ একক।

(৪) ৪৩৭৫ সংখ্যাটি হচ্ছে ☐ হাজার ☐ শতক ☐ দশক ☐ একক।

(৫) ৫৪০০৯ সংখ্যাটি হচ্ছে ☐ হাজার ☐ শতক ☐ দশক ☐ একক।

সমাধান :

(১) ৭১৪৫ সংখ্যাটি ৭ হাজার, ১ শতক, ৪ দশক ও ৫ একক।

(২) ২০২৭ সংখ্যাটি ২ হাজার, ২ দশক ও ৭ একক।

(৩) ৫০০৬ সংখ্যাটি ৫ হাজার ৬ একক।

(৪) ৪৩৭৫ সংখ্যাটি হচ্ছে ৪ হাজার ৩ শতক ৭ দশক ৫ একক।

(৫) ৫৪০০৯ সংখ্যাটি হচ্ছে ৫৪ হাজার ০ শতক ০ দশক ৯ একক।

সেশন ১৫ নিজে করি-২ (খালিঘর পূরণ করি ও সংখ্যা বলি)

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

৫ নিচের প্রশ্নগুলোর উত্তর দিই

(১) ৩৯ শত সংখ্যাটি কত?
(২) ১২২ শত সংখ্যাটি কত?
(৩) ২৯০০ এ কয়টি শত আছে?
(৪) ৯১০০০ এ কয়টি শত আছে?

সমাধান : (১) ৩৯ শত সংখ্যাটি = ৩৯০০
(২) ১২২ শত সংখ্যাটি = ১২২০০
(৩) ২৯০০ এ কয়টি শত = ২৯টি
(৪) ৯১০০০ এ কয়টি শত = ৯১০টি।

৬ খালিঘরে সংখ্যা লিখি

(১)


(২)


সমাধান :

(১)


(২)


৭ সংখ্যাটি কত?

(১) একটি সংখ্যা ১২৯৯৯ থেকে ১ বেশি
(২) একটি সংখ্যা ৩০০০০ থেকে ১ কম
(৩) একটি সংখ্যা ১০০০০ থেকে ১০ কম
(৪) একটি সংখ্যা ৪৯৯৯০ থেকে ১০ বেশি

সমাধান :

(১) ১২৯৯৯ + ১ = ১৩০০০ ∴ সংখ্যাটি ১৩০০০।

(২) ৩০০০০ − ১ = ২৯৯৯৯ ∴ সংখ্যাটি ২৯৯৯৯।

(৩) ১০০০০ − ১০ = ৯৯৯০ ∴ সংখ্যাটি ৯৯৯০।

(৪) ৪৯৯৯০ + ১০ = ৫০০০০ ∴ সংখ্যাটি ৫০০০০।

৮ খালি ঘরে > বা < প্রতীক বসিয়ে বড়ো বা ছোটো তুলনা করি

(১) ৯৭৫ ☐ ৯৫৭
(২) ৮৪৭৫ ☐ ৮৫৭৪
(৩) ১৭৭৭৯ ☐ ১৭৮৭৯
(৪) ৩৭৫৮৯ ☐ ৩৮৫৭৯
(৫) ১৭৯৯৯ ☐ ১৮৯৯৯ ☐ ১৯৯৯৯

সমাধান :

(১) ৯৭৫ > ৯৫৭
(২) ৮৪৭৫ < ৮৫৭৪
(৩) ১৭৭৭৯ < ১৭৮৭৯
(৪) ৩৭৫৮৯ < ৩৮৫৭৯
(৫) ১৭৯৯৯ < ১৮৯৯৯ < ১৯৯৯৯

শিক্ষক সহায়িকা অনুসরণে অতিরিক্ত অ্যাক্টিভিটি — আরও শিখে নিই

সেশন ১৩২ | ব্লক দিয়ে গণনা করি, পড়ি ও লিখি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১ | গণনা কর ও সংখ্যায় লিখ।

১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০			১০ ১০ ১০	১
শতক			দশক	একক

সমাধান : গণনা করে সংখ্যায় লিখা হলো :

১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০			১০ ১০ ১০	১
শতক			দশক	একক
১২			৩	১

∴ সংখ্যাটি হলো : ১২৩১।

প্রশ্ন ২ | কতগুলো ব্লক আছে? কথায় ও সংখ্যায় লিখ।

			
দুইটি ১০০০	তিনটি ১০০	চারটি ১০	তিনটি ১

সমাধান :

হাজার	শতক	দশক	একক
১০০০ ১০০০	১০০ ১০০ ১০০	১০ ১০ ১০ ১০	১ ১ ১
২	৩	৪	৩

সংখ্যাটি হলো দুই হাজার তিন শত তেতাল্লিশ এবং আমরা লিখি ২৩৪৩।

সেশন ৩ | ১০, ১০০, ১০০০ করে গণনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ৩ | সংখ্যাটি কত?

১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০		১০ ১০ ১০ ১০	১ ১ ১

সমাধান :

শতক			দশক	একক
১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০ ১০০			১০ ১০ ১০ ১০	১ ১ ১
১৩			৪	৩

সংখ্যাটি হলো এক হাজার তিনশত তেতাল্লিশ এবং আমরা লিখি ১৩৪৩।

সেশন ৪ | গণনা করে অঙ্কে ও কথায় লিখি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ৪ | পড় ও কথায় লিখ।

৬৪৭০৩ ৮৭৪১৭ ৫১৩০৫ ৪৯৯৮৭ ৯৯৭০৫

সমাধান : ৬৪৭০৩ – চৌষট্টি হাজার সাতশত তিন।

৮৭৪১৭ – সাতাশি হাজার চারশত সতের।

৫১৩০৫ – একান্ন হাজার তিনশত পাঁচ।

৪৯৯৮৭ – উনপঞ্চাশ হাজার নয়শত সাতাশি।

৯৯৭০৫ – নিরানব্বই হাজার সাতশত পাঁচ।

সেশন ৫ | স্থানীয়মান ব্যবহার করে গণনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ৫ | সংখ্যাটি নির্ণয় কর এবং এর স্থানীয় মান লিখ।

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০	১০০০	১০০	১০	১
১০০০	১০০০	১০০	১০	১
১০০০	১০০০	১০০	১০	১
	১০০০	১০০		

সমাধান :

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০	১০০০	১০০	১০	১
১০০০	১০০০	১০০	১০	১
১০০০	১০০০	১০০	১০	১
	১০০০	১০০		
৩	৪	৪	৩	৩

সংখ্যাটি হলো চৌত্রিশ হাজার চারশত তেত্রিশ

এবং আমরা লিখি ৩৪৪৩৩।

৩৪৪৩৩ এর স্থানীয় মান :

৩ ৪ ৪ ৩ ৩

- ৩ একক ——— ৩
- ৩ দশক ——— ৩০
- ৪ শতক ——— ৪০০
- ৪ হাজার ——— ৪০০০] ৩৪ হাজার
- ৩ অযুত ——— ৩০০০০]

প্রশ্ন ৬ | গণনা করে কথায় ও সংখ্যায় লিখ :

হাজার		শতক	দশক	একক
১০০০	১০০০	১০০	১০	১
১০০০	১০০০	১০০	১০	১
১০০০		১০০	১০	১
১০০০				১
				১

সমাধান : গণনা করে কথায় ও সংখ্যায় লিখা হলো :

হাজার		শতক	দশক	একক
১০০০	১০০০	১০০	১০	১
১০০০	১০০০	১০০	১০	১
১০০০		১০০	১০	১
১০০০				১
				১
৬		৩	৩	৫

সংখ্যাটি হলো ছয় হাজার তিন শত পঁইত্রিশ এবং আমরা লিখি ৬৩৩৫।

প্রশ্ন ৭ | কতগুলো হাজার আছে? সংখ্যাটি কত?

১০০০ ১০০০ ১০০০ ১০০০

১০০০ ১০০০ ১০০০ ১০০০

সমাধান : এখানে, আটটি ১০০০ আছে।

সংখ্যাটি হলো আট হাজার এবং অঙ্কে লিখি ৮০০০।

প্রশ্ন ৮ | গণনা কর ও সংখ্যায় লিখ।

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০	১০০০	১০০	১০	১
১০০০০	১০০০	১০০	১০	১
	১০০০	১০০	১০	১
	১০০০			১

সংখ্যাটি হলো : ..... । এখানে শতক স্থানীয় অঙ্কটি কী?

সমাধান : গণনা করি ও সংখ্যায় লিখি :

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০	১০০০	১০০	১০	১
১০০০০	১০০০	১০০	১০	১
	১০০০	১০০	১০	১
	১০০০			১
২	৪	৩	৩	৪

সংখ্যাটি হলো : ২৪৩৩৪। এখানে শতক স্থানীয় অঙ্কটি ৩।

উদাহরণ ৯ | খালিঘর পূরণ কর ।

২৩৪৫৬ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক
৬৭৮০৩ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক
৭৮০০৫ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক
৮৭৮৪১ =	☐ অযুত	☐ হাজার	☐ শতক	☐ দশক	☐ একক

সমাধান : খালিঘর পূরণ করা হলো :

২৩৪৫৬ =	২ অযুত	৩ হাজার	৪ শতক	৫ দশক	৬ একক
৬৭৮০৩ =	৬ অযুত	৭ হাজার	৮ শতক	০ দশক	৩ একক
৭৮০০৫ =	৭ অযুত	৮ হাজার	০ শতক	০ দশক	৫ একক
৮৭৮৪১ =	৮ অযুত	৭ হাজার	৮ শতক	৪ দশক	১ একক

সেশন ৬ | স্থানীয়মানের সাহায্যে লক্ষ পর্যন্ত গণনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১০ | সংখ্যাগুলোর স্থানীয় মান নির্ণয় কর : ৯৫৭০৬, ৭৮৯৩৫ ।

সমাধান :

৯ ৫ ৭ ০ ৬

- ৬ একক ——— ৬
- ০ দশক ——— ০০
- ৭ শতক ——— ৭০০
- ৫ হাজার ——— ৫০০০
- ৯ অযুত ——— ৯০০০০] ৯৫ হাজার

৭ ৮ ৯ ৩ ৫

- ৫ একক ——— ৫
- ৩ দশক ——— ৩০
- ৯ শতক ——— ৯০০
- ৮ হাজার ——— ৮০০০
- ৭ অযুত ——— ৭০০০০] ৭৮ হাজার

প্রশ্ন ১১ | সংখ্যারেখায় ক ও খ স্থানের সংখ্যা লিখ।



সমাধান : প্রদত্ত সংখ্যারেখায় ১ম সংখ্যা ২০০০ এবং ২য় সংখ্যা ৩০০০ এই দুইটি সংখ্যার মধ্যে দশটি দাগ আছে। তাহলে প্রতিটি দাগ সমান ১০০। ৩০০০ এর দশ দাগ পর ক এবং এর দশ দাগ পর খ। সুতরাং ক স্থানের সংখ্যা হবে ৪০০০ এবং খ স্থানের সংখ্যা হবে ৫০০০।



সেশন ৭ | স্থানীয়মানের সাহায্যে সংখ্যা তুলনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১২ | স্থানীয় মানের ধারণা ব্যবহার করে ছোট বড় নির্ণয় কর : ৩৯৭৫২, ৩৯৭৬২।

সমাধান : ৩৯৭৫২ এবং ৩৯৭৬২ সংখ্যা দুইটির অযুত, হাজার, শতক, স্থানের অঙ্ক একই। এখন দশক স্থানের অঙ্ক তুলনা করি। ৫ থেকে ৬ বড়।

∴ ৩৯৭৫২ থেকে ৩৯৭৬২ বড় অথবা ৩৯৭৬২ থেকে ৩৯৭৫২ ছোট।

সেশন ৮ | চিহ্ন ব্যবহার করে সংখ্যা তুলনা করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১৩ | স্থানীয় মানের ধারণা ব্যবহার করে চিহ্ন দিয়ে ছোট-বড় নির্ণয় কর : ৬৯৮৬২, ৬৯৭৬২

সমাধান : ৬৯৮৬২ এবং ৬৯৭৬২ সংখ্যা দুইটির অযুত, হাজারের স্থানের অঙ্ক একই। এখন শতক স্থানের অঙ্ক তুলনা করি। ৮ থেকে ৭ ছোট।

∴ ৬৯৮৬২ < ৬৯৭৬২।

প্রশ্ন ১৪| নিচের সংখ্যাগুলো প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো লিখ।

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
২৯৯৯, ৩০০০	২৯৯৯ < ৩০০০	৩০০০ > ২৯৯৯
৩১১১১, ৩১১০৯		
৫২৫৮৬, ৫২৫৮৫		
৭৮৯৯০, ৭৮৮৮৮		
৯৭১০৯, ৯৭০৯৯		

সমাধান : নিচের সংখ্যাগুলো প্রতীক ব্যবহার করে ছোটো থেকে বড়ো এবং বড়ো থেকে ছোটো লিখা হলো :

সংখ্যা	ছোটো থেকে বড়ো	বড়ো থেকে ছোটো
২৯৯৯, ৩০০০	২৯৯৯ < ৩০০০	৩০০০ > ২৯৯৯
৩১১১১, ৩১১০৯	৩১১০৯ < ৩১১১১	৩১১১১ > ৩১১০৯
৫২৫৮৬, ৫২৫৮৫	৫২৫৮৫ < ৫২৫৮৬	৫২৫৮৬ > ৫২৫৮৫
৭৮৯৯০, ৭৮৮৮৮	৭৮৮৮৮ < ৭৮৯৯০	৭৮৯৯০ > ৭৮৮৮৮
৯৭১০৯, ৯৭০৯৯	৯৭০৯৯ < ৯৭১০৯	৯৭১০৯ > ৯৭০৯৯

সেশন ৯ দৈনন্দিন জীবনের সংখ্যা পড়ি ও প্রতীক ব্যবহার করে ছোট-বড় সাজাই

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১৫| সংখ্যাগুলো তুলনা কর এবং বড় থেকে ছোট ও ছোট থেকে বড় ক্রমে সাজাও : ৫৯৮৬২, ৫৯৭৬২, ৫৮৭৬৩।

সমাধান : সংখ্যাগুলো তুলনা করে সাজাই :

৫৯৮৬২, ৫৯৭৬২, ৫৮৭৬৩	বড় থেকে ছোট	৫৯৮৬২ > ৫৯৭৬২ > ৫৮৭৬৩
	ছোট থেকে বড়	৫৮৭৬৩ < ৫৯৭৬২ < ৫৯৮৬২

সেশন ১০ ক্রমবাচক সংখ্যা শিখি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১৬| কাল রং করা বৃত্তগুলোর অবস্থান বামদিক থেকে কততম?



সমাধান : কাল রং করা বৃত্তগুলোর অবস্থান বামদিক থেকে লেখা হলো :

প্রশ্ন ১৭| তোমাদের শ্রেণিতে ওজনের ক্রম অনুযায়ী ক্রমবাচক সংখ্যায় শিক্ষার্থীদের তালিকা তৈরি কর।

সমাধান : ওজনের ক্রম অনুযায়ী ক্রমবাচক সংখ্যায় শিক্ষার্থীদের তালিকা তৈরি করা হলো :

ক্রমিক নং	ছোট থেকে বড় ক্রম অনুযায়ী শিক্ষার্থীদের ওজন (কেজি)	ক্রমবাচক অবস্থান
১	১০	প্রথম
২	১০.২	দ্বিতীয়
৩	১০.৩	তৃতীয়
৪	১০.৫	চতুর্থ
৫	১০.৮	পঞ্চম
৬	১১	ষষ্ঠ
৭	১১.২	সপ্তম
৮	১১.৩	অষ্টম
৯	১১.৫	নবম
১০	১১.৮	দশম
১১	১২	একাদশ
১২	১২.৫	দ্বাদশ
১৩	১৩	ত্রয়োদশ
১৪	১৩.৫	চতুর্দশ
১৫	১৩.৮	পঞ্চদশ
১৬	১৪	ষোড়শ
১৭	১৪.৫	সপ্তদশ
১৮	১৪.৮	অষ্টাদশ
১৯	১৫	উনবিংশ
২০	১৬	বিংশ

প্রশ্ন ১৮| তোমরা শ্রেণির ১০ জন শিক্ষার্থী রোল নম্বর অনুযায়ী লাইনে দাঁড়াও। লাইনের প্রত্যেক শিক্ষার্থী তার অবস্থান ক্রমবাচক সংখ্যায় বলো এবং নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।

তোমার অবস্থান কত?

কতজন শিক্ষার্থী তোমার চাইতে আগে বা পরে দাড়ানো?

রোল নম্বরের ক্রমে দাঁড়ানো শিক্ষার্থীদের অবস্থান অনুযায়ী নাম লিখ।

অবস্থান		নাম
প্রথম	১ম	
দ্বিতীয়	২য়	
তৃতীয়	৩য়	
চতুর্থ	৪র্থ	
পঞ্চম	৫ম	
ষষ্ঠ	৬ষ্ঠ	
সপ্তম	৭ম	
অষ্টম	৮ম	
নবম	৯ম	
দশম	১০ম	

সমাধান : রোল নম্বর এর ক্রমে দাঁড়ানো শিক্ষার্থীদের অবস্থান অনুযায়ী নাম নিম্নরূপ :

অবস্থান		নাম
প্রথম	১ম	শুভ
দ্বিতীয়	২য়	সালাম
তৃতীয়	৩য়	সামিন
চতুর্থ	৪র্থ	জুই
পঞ্চম	৫ম	মীম
ষষ্ঠ	৬ষ্ঠ	শাপলা
সপ্তম	৭ম	জবা
অষ্টম	৮ম	জীবন
নবম	৯ম	সুজন
দশম	১০ম	সাইম

সুতরাং আমার অবস্থান ৫ম। তাহলে ৪ জন শিক্ষার্থী আমার আগে এবং ৫ জন শিক্ষার্থী আমার পরে দাড়ানো।

সেশন ১২ সংখ্যা প্যাটার্ন খুঁজে বের করি

▸ সূত্র : শিক্ষক সহায়িকা

প্রশ্ন ১৯। খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন কর।

(ক) ২, ৪, ৬, ৮, —, —

(খ) ১, ৩, ৫, ৭, —, —

(গ) ০, ৫, ১০, ১৫, ২০, —, —, —

সমাধান : খালিঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করা হলো :

(ক) ২, ৪, ৬, ৮, ১০, ১২।

(খ) ১, ৩, ৫, ৭, ৯, ১১।

(গ) ০, ৫, ১০, ১৫, ২০, ২৫, ৩০, ৩৫।

প্রশ্ন ২০। নিচের প্যাটার্নগুলো ভালো করে লক্ষ কর। খালি ঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন কর।

(১) ১০, ১৩, ——, ১৯, ——, ২৫, ২৮, —— ,৩৪

(২) ২০, ——, ——, ২৬, ২৮ , —— , ৩২

(৩) ——, ১৫, ——, ১১, ৯, ——, —— , ৩, ——

(৪) ৪, ——, ——, ——, ১২, ——, —— , ১৮, ——

(৫) ২৯, ২৮, ——, ২৬, ——, ২৪, —— , ২২, —— , ——

(৬) ——, ——, ৩৫, ৪০, ৪৫ —— ,৫৫, ৬০, —— , ——

সমাধান : খালি ঘর পূরণ করে প্যাটার্ন সম্পন্ন করা হলো :

(১) ১০, ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ২৮, ৩১, ৩৪

(২) ২০, ২২, ২৪, ২৬, ২৮, ৩০, ৩২

(৩) ১৭, ১৫, ১৩, ১১, ৯, ৭, ৫, ৩, ১

(৪) ৪, ৬, ৮, ১০, ১২, ১৪, ১৬, ১৮, ২০

(৫) ২৯, ২৮, ২৭, ২৬, ২৫, ২৪, ২৩, ২২, ২১, ২০

(৬) ২৫, ৩০, ৩৫, ৪০, ৪৫, ৫০, ৫৫, ৬০, ৬৫, ৭০

প্রশ্ন ২১। অঙ্কে লিখ :

(ক) উনআশি হাজার সাতশত তিন।

(খ) নয়টি ১০ হাজার ৮টি ১ হাজার ৭টি ১ শত ও তিনটি ১।

সমাধান :

(ক) উনআশি হাজার সাতশত তিন = ৭৯৭০৩।

(খ) নয়টি ১০ হাজার ৮টি ১ হাজার ৭টি ১ শত ও তিনটি ১ = ৯৮৭০৩।

মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

গাণিতিক ধারণা — তত্ত্বীয় প্রশ্নাবলির উত্তর লিখি

● সংক্ষেপে উত্তর দাও :

▣ গণনা করা, পড়া ও লেখা

১। সংখ্যার গঠন কিভাবে হয়?
উত্তর : এক বা একাধিক অঙ্কের সমন্বয়ে সংখ্যা গঠিত হয়।

২। ২০টি ১০০ তে কত হয়?
উত্তর : ২০০০।

৩। ৫টি ১০০০ মিলে কত হয়?
উত্তর : ৫০০০

৪। ১১৩৫ সংখ্যাটিকে কথায় লিখ।
উত্তর : এক হাজার একশত পঁয়ত্রিশ।

৫। বাষট্টি হাজার দুই সংখ্যাটিকে অঙ্কে লিখ।
উত্তর : ৬২০০২।

৬। এক অযুত সমান কত?
উত্তর : ১০ হাজার।

৭। ১ লক্ষ সমান কত অযুত?
উত্তর : ১০ অযুত।

৮। স্থানীয় মান কাকে বলে?
উত্তর : সংখ্যায় ব্যবহৃত কোনো অঙ্ক তার অবস্থানের জন্য যে সংখ্যা প্রকাশ করে তাকে স্থানীয় মান বলে।

▣ সংখ্যার তুলনা

৯। ১০০০ এর আগের সংখ্যাটি কত?
উত্তর : ৯৯৯।

১০। ৯৯৯৯ এর পরের সংখ্যা কত?
উত্তর : ১০০০০।

১১। [ ] সংখ্যাটি, ৫ হাজার, ২ শত, ০ দশক, ৩ একক।
উত্তর : [৫২০৩]।

১২। বড়ো প্রতীকটি লিখ।
উত্তর : বড়ো প্রতীক ">"।

১৩। ৩ এর স্থানীয় মান দশক ও ৪ এর স্থানীয় মান একক হলে সংখ্যাটি কত?
উত্তর : ৩৫।

১৪। ছোটো প্রতীকটি লিখ।
উত্তর : ছোটো প্রতীক "<"।

১৫। ৩৭ ও ৪৭ সংখ্যা দুইটিকে কীভাবে "বড়ো" বা "ছোটো" প্রতীকের সাহায্যে দেখানো যায়?
উত্তর : ৪৭ > ৩৭ বা ৩৭ < ৪৭।

১৬। ৫১৩৪৭ সংখ্যাটিতে ৩ এর স্থানীয় মান কত?
উত্তর : ৩ শতক বা ৩০০।

১৭। ৮৬৯৩৫ সংখ্যাটিকে হাজারের স্থানের অঙ্কটি কত?
উত্তর : ৬।

১৮। ৩২৭৪০ এবং ৩২৯৪০ সংখ্যা দুইটি প্রতীকের দ্বারা তুলনা করো।
উত্তর : ৩২৯৪০ > ৩২৭৪০ বা ৩২৭৪০ < ৩২৯৪০।

১৯। ৪৩৯৯, ৫৪০৯, ৫৪৮০, ৪৩৭৯ সংখ্যাগুলো ছোটো থেকে বড়ো ক্রমে সাজিয়ে লেখ।
উত্তর : ৪৩৭৯, ৪৩৯৯, ৫৪০৯, ৫৪৮০।

২০। ৯৪৬৯ ☐ ৯৪৯৬, খালিঘরে < বা > চিহ্ন বসাও।
উত্তর : ৯৪৬৯ [<] ৯৪৯৬।

▣ ক্রমবাচক সংখ্যা

২১। ১৩ এর ক্রমবাচক সংখ্যা লিখ।
উত্তর : ত্রয়োদশ বা ১৩শ।

২২। ☐, ২৯, ২৮, ☐ ২৬ সংখ্যাগুলোর প্যাটার্ন সম্পূর্ণ করে লেখ।
উত্তর : ৩০, ২৯, ২৮, ২৭, ২৬।

প্রক্রিয়াগত ধারণা — গাণিতিক প্রশ্নাবলির উত্তর লিখি

● শূন্যস্থান পূরণ কর :

১। এক ——— সমান ১০ হাজার।
২। ৫ শতক ও ৩ ——— = ৫০৩।
৩। ৩৮৭৬ = তিন হাজার ——— ছিয়াত্তর।
৪। ৬ হাজার, ৭শত, ——— দশক = ৬৭২০।
৫। ৩৪৭৩ সংখ্যাটিতে ৭ এর ——— মান ৭ দশক।
৬। ৩২৭৪০ সংখ্যাটিতে হাজার স্থানের অঙ্কটি ———।
৭। ৪৭৬৪ ও ৩৮৬৫ সংখ্যা দুইটির ——— স্থানে ৬।
৮। ৯ম একটি ——— সংখ্যা।
৯। ২, ৪, ৬, ———, ১০।
১০। প্রতিটি প্যাটার্নের নির্দিষ্ট ——— রয়েছে।

উত্তরমালা : ১। অযুত; ২। একক; ৩। আট শত; ৪। ২; ৫। স্থানীয়; ৬। ২; ৭। দশকের; ৮। ক্রমবাচক; ৯। ৮; ১০। নিয়ম।

● মিলকরণ :

প্রশ্ন ১। দাগ টেনে মিল কর।

(ক) এক হাজার একশত পঁয়ত্রিশ	২২২২
(খ) পাঁচ হাজার পাঁচশত তিন	১১১১
(গ) দুই হাজার তিনশত চুয়ান্ন	১১৩৫
(ঘ) এক হাজার একশত এগারো	৫৩০৫
(ঙ) দুই হাজার দুইশত বাইশ	২৩৫৪
(চ) পাঁচ হাজার তিনশত পাঁচ	১২১৫
(ছ) এক হাজার দুইশত পনেরো	৫৫০৩

সমাধান : দাগ টেনে মিল করি :



প্রশ্ন ২। দাগ টেনে মিল কর।

(ক) এক অযুত সমান	৯৯৯০
(খ) ৯৪২৩০ সংখ্যাটিতে ৪ এর স্থানীয় মান	৫০০৬
(গ) এক লক্ষ সমান	৯১টি
(ঘ) ১০০০০ থেকে ১০ কম সংখ্যাটি	৪০০০
(ঙ) ৫ হাজার ও ৬ একক সংখ্যাটি	১০০০০
(চ) ৯১০০-এ শতক রয়েছে	১০০০০০

সমাধান : দাগ টেনে মিল করি :



সমস্যা সমাধান — বিশ্লেষণীয় প্রশ্নগুলো সমাধান করি

প্রশ্ন ১। রহমান সাহেব একটি মাইক্রোবাস কিনলেন যার নম্বর ছিল ৫২৪৩২। মাইক্রোবাসটির নম্বর কথায় লেখ।
সমাধান : ৫২৪৩২ = বায়ান্ন হাজার চার শত বত্রিশ।
∴ মাইক্রোবাসটির নম্বর : বায়ান্ন হাজার চার শত বত্রিশ।

প্রশ্ন ২। রাজুর বাবা তাকে ষোল হাজার ছয় শত পঞ্চাশ টাকা দিয়ে একটি মোবাইল কিনে দিলেন। মোবাইলটির দাম অঙ্কে লেখ।
সমাধান : ষোল হাজার ছয় শত পঞ্চাশ = ১৬৬৫০।
∴ মোবাইলটির দাম : ১৬৬৫০ টাকা।

প্রশ্ন ৩। ৬৮৪০৬ সংখ্যাটিতে কতটি ১০০০০, কতটি ১০০০ কতটি ১০০ এবং কতটি ১ আছে?

সমাধান : ৬৮৪০৬ সংখ্যাটিতে ৬টি ১০০০০, ৮টি ১০০০, ৪টি ১০০ এবং ৬টি ১ আছে।

প্রশ্ন ৪। ৭টি দশ হাজার, ৬টি এক হাজার, ৮টি দশক এবং ৪টি একক দ্বারা গঠিত সংখ্যাটি লেখ।

সমাধান : গঠিত সংখ্যাটি : ৭৬০৮৪।

প্রশ্ন ৫। বাংলাদেশের একটি গ্রামের জনসংখ্যা ৬৪৩৬ জন। সংখ্যাটির প্রতিটি অঙ্কের স্থানীয় মান নির্ণয় করো।

সমাধান : গ্রামের জনসংখ্যা = ৬৪৩৬ জন।

৬ ৪ ৩ ৬

৬ একক — ৬
৩ দশক — ৩০
৪ শতক — ৪০০
৬ হাজার — ৬০০০

প্রশ্ন ৬। নিচের সংখ্যারেখায় ফাঁকাঘরে সঠিক সংখ্যা বসাও।



সমাধান : সংখ্যারেখার ফাঁকাঘরে সঠিক সংখ্যা বসানো হলো :



প্রশ্ন ৭। করিম ও রহমান দু'জন গরুর খামারী। করিমের খামারে ৩৫৬টি এবং রহমানের খামারে ৩৪৮টি গরু আছে। কার খামারে গরু বেশি আছে?

সমাধান : করিমের খামারে গরু আছে ৩৫৬টি
এবং রহমানের খামারে গরু আছে ৩৪৮টি
এখানে ৩৫৬ এবং ৩৪৮ সংখ্যাদ্বয় তিন অঙ্কবিশিষ্ট। সংখ্যা দুইটির শতক স্থানের অঙ্ক একই অর্থাৎ ৩। কিন্তু দশক স্থানের অঙ্ক ভিন্ন অর্থাৎ ৫ ও ৪। ৫ থেকে ৪ ছোটো। তাই ৩৫৬ সংখ্যাটি ৩৪৮ সংখ্যা থেকে বড়ো।
অতএব, করিমের খামারে গরু বেশি আছে।

প্রশ্ন ৮। একটি সংখ্যা প্যাটার্ন হলো : ৪৫, ৪১, ৩৭, ৩৩, ২৯, ২৫, ... । প্যাটার্নটির নিয়ম খুঁজে বের করো।

সমাধান : প্রদত্ত প্যাটার্ন : ৪৫, ৪১, ৩৭, ৩৩, ২৯, ২৫, ...
এখানে, ৪৫ − ৪১ = ৪
৪১ − ৩৭ = ৪
৩৭ − ৩৩ = ৪
৩৩ − ২৯ = ৪
২৯ − ২৫ = ৪
দেখা যাচ্ছে, পূর্ববর্তী সংখ্যা হতে পরবর্তী সংখ্যা বিয়োগ করলে সবসময় একই হয় অর্থাৎ ৪ হয়। সুতরাং পূর্ববর্তী সংখ্যা থেকে ৪ বিয়োগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।
অতএব, প্যাটার্নটির নিয়ম হলো − ৪।

প্রশ্ন ৯। একটি গুদামে নব্বই হাজার চারশত পঁয়তাল্লিশ কেজি চাল এবং ৭৫৬৫০ কেজি গম আছে। চালের পরিমাণকে অঙ্কে এবং গমের পরিমাণকে কথায় লেখ।

সমাধান : চাল আছে = নব্বই হাজার চার শত পঁয়তাল্লিশ কেজি
= ৯০৪৪৫ কেজি
গম আছে = ৭৫৬৫০ কেজি
= পঁচাত্তর হাজার ছয় শত পঞ্চাশ কেজি

প্রশ্ন ১০। ১২ জন শিক্ষার্থীর উচ্চতা অনুযায়ী বড়ো থেকে প্রত্যেকের নাম লেখা হলো :
রনি, জনি, বেলি, জুই, কমল, রাজু, গোলাপী, কবিতা, আকাশ, জীবন, রিয়া, কানন।
বাম দিক থেকে পঞ্চম এবং ডান দিক থেকে চতুর্থ অবস্থানে শিক্ষার্থীর নাম লেখ।

সমাধান : বাম দিক থেকে পঞ্চম অবস্থানে আছে – কমল।
ডান দিক থেকে চতুর্থ অবস্থানে আছে– আকাশ।

প্রশ্ন ১১। (+ ৩) নিয়ম ব্যবহার করে একটি প্যাটার্ন তৈরি করো; যেখানে প্রথম সংখ্যাটি ১৩।

সমাধান : (+ ৩) নিয়ম বলতে বুঝায়, সংখ্যা প্যাটার্নের পূর্ববর্তী সংখ্যার সাথে ৩ যোগ করলে পরবর্তী সংখ্যা পাওয়া যায়।
এক্ষেত্রে, প্যাটার্নের প্রথম সংখ্যা = ১৩
পরবর্তী সংখ্যাগুলো যথাক্রমে ১৩ + ৩ = ১৬,
১৬ + ৩ = ১৯,
১৯ + ৩ = ২২,
২২ + ৩ = ২৫
∴ প্যাটার্নটি হলো : ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ... ।

প্রশ্ন ১২। নিচের ছকটি লক্ষ করো। প্রতিটি বাক্সের টিকিট রয়েছে।

অযুত	হাজার	শতক	দশক	একক
১০০০০	১০০০	১০০	১০	১
১০০০০	১০০০	১০০	১০	১
	১০০০	১০০		১
		১০০		১
				১

(ক) সর্বমোট কতগুলো টিকিট আছে তা গণনা করে অঙ্কে লেখ।
(খ) মোট টিকিটের সংখ্যাটিকে কথায় লেখ।

সমাধান :
(ক) এখানে, ২টি অযুতের বাক্স, ৩টি হাজারের বাক্স, ৪টি শতকের বাক্স, ২টি দশকের বাক্স এবং ৫টি এককের বাক্স রয়েছে।
সুতরাং সর্বমোট টিকিট রয়েছে ২৩৪২৫টি।

(খ) মোট টিকিটের সংখ্যা ২৩৪২৫টি
∴ ২৩৪২৫ = তেইশ হাজার চারশত পঁচিশ।

শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা	পারদর্শিতা সূচক	পারদর্শিতার মাত্রা		
		প্রারম্ভিক	ভালো	উত্তম
১.৪ স্থানীয়মানের ধারণা ব্যবহার করে সংখ্যা পড়তে, অঙ্কে ও কথায় লিখতে পারা ও সংখ্যার তুলনা করতে পারা এবং দৈনন্দিন জীবনে ববহৃত বিভিন্ন সংখ্যা নিয়ে উৎসাহের সঙ্গে আলোচনা ও ব্যবহার করতে পারা।	স্থানীয়মানের ধারণা ব্যবহার করে সংখ্যা পড়তে ও লিখতে পারা এবং উৎসাহের সঙ্গে দৈনন্দিন জীবনে ব্যবহৃত বিভিন্ন সংখ্যা নিয়ে আলোচনা করতে পারা।			
	স্থানীয় মানের ধারণা ব্যবহার করে একাধিক সংখ্যার মধ্যে তুলনা করতে পারা ও দৈনন্দিন জীবনের বিভিন্ন কাজে তা ব্যবহার করতে পারা।			
১.৫ ক্রমবাচক সংখ্যা পড়তে, লিখতে ও ব্যবহার করতে পারা।	ক্রমবাচক সংখ্যা পড়তে, লিখতে ও ব্যবহার করতে পারা।			
১.৬ পরিবেশের বিভিন্ন উপাদান ও সংখ্যার মধ্যে উৎসাহের সাথে প্যাটার্ন খুঁজে বের করা এবং সংখ্যার প্যাটার্ন তৈরি করে যৌক্তিক ব্যাখ্যা প্রদানের মাধ্যমে যৌক্তিক চিন্তা করতে পারা।	উৎসাহের সঙ্গে সংখ্যার বিভিন্ন প্যাটার্ন খুঁজে বের করতে পারা।			
	সংখ্যার বিভিন্ন প্যাটার্ন তৈরি করতে পারা ও যৌক্তিক ব্যাখ্যা প্রদান করতে পারা ও যৌক্তিক চিন্তা করতে পারা।			

ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ ধারাবাহিক মূল্যায়ন সময় : ৩০ মিনিট

শিক্ষার্থীর নাম : ..... শ্রেণি : ..... রোল নম্বর : ☐

১▸ সংখ্যাটি কত?



২▸ কথায় লেখ :

(ক) ১১২৩৮; (খ) ১৭৮০৫; (গ) ১৯১১১; (ঘ) ১৩৩৫৯

৩▸ নিচের সংখ্যাগুলো তুলনা করে খালিঘরে < বা > চিহ্ন বসাও :

(ক) ১০০০ ☐ ৯৯৯

(খ) ২১৯৯ ☐ ২২০০

(গ) ৯৪৬৯ ☐ ৯৪৯৬

(ঘ) ১৩৭৭৭ ☐ ১৩৬৬৬

৪▸ (+ ৩) নিয়ম ব্যবহার করে একটি প্যাটার্ন তৈরি করো; যেখানে প্রথম সংখ্যাটি ১৩।

উত্তরমালা

১▸ ২৩৫৫৪।

২▸ (ক) এগারো হাজার দুই শত আটত্রিশ।

(খ) সতেরো হাজার আট শত পাঁচ।

(গ) উনিশ হাজার এক শত এগারো।

(ঘ) তেরো হাজার তিন শত উনষাট।

৩▸ (ক) ১০০০ > ৯৯৯

(খ) ২১৯৯ < ২২০০

(গ) ৯৪৬৯ < ৯৪৯৬

(ঘ) ১৩৭৭৭ > ১৩৬৬৬

৪▸ প্যাটার্নটি হলো : ১৩, ১৬, ১৯, ২২, ২৫, ...

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐